

## ছাতিম

আর পূড়বে না জীবন ? হেমন্ত পেরিয়ে তবে শীত এলো ?  
সেই সুমহান শীতলতা ! মনে পড়ছে গির্জা আর  
জল পড়ে কার্ণিশ ভাসিয়ে এত বৃষ্টি দুদিনের---  
মেঘে নেই সামান্য বিশ্রাম ঘার অলসতা দিয়ে  
আসতে পারে রোদ, আসতে পারে পাথি, মেয়েটিও  
যে কিনা স্কুল পালিয়ে এসে গির্জায় দাঁড়াতো  
সেদিন দুপুরে ছিল রাশি রাশি মেয়ে, অপরাহ্নবৃষ্টি থেকে  
পড়েছিল জল যেহেতু ছাতিমে ছিল এত অবাধ্যতা

## অর্ধেন্দু চত্রবতী

